# আলিয়া মাদরাসার সামনে ছাত্রদল-শিবিরের সংঘর্ষ, উত্তপ্ত এলাকা



ছবি: সংগৃহীত

রাজধানীর মাদরাসা-ই-আলিয়ার সামনে জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবিরের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। মঙ্গলবার (৪ আগস্ট) বিকেল সোয়া ৫টার দিকে সংঘর্ষের সূত্রপাত হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, সংঘর্ষ শুরুর পর দুই পক্ষের মধ্যে দফায় দফায় ধাওয়া-পাল্টাধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে। এতে উভয় পক্ষের কয়েকজন আহত হন।

এর আগে সকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে আয়োজিত একটি অনুষ্ঠানকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষ হয়। সেই ঘটনার জের ধরে আলিয়া মাদরাসা এলাকায়ও দিনভর উত্তেজনা বিরাজ করছিল।

দুপুর ৩টার দিকে দুই পক্ষের মধ্যে প্রথম দফায় ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। এতে কয়েকজন আহত হন এবং দীর্ঘ সময় সড়কে যান চলাচল ব্যাহত হয়। পরে পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হলেও বিকেল সোয়া ৫টার দিকে আবারও সংঘর্ষ শুরু হয়।

সর্বশেষ পাওয়া তথ্যে, ঘটনাস্থলে দুই পক্ষের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়া অব্যাহত রয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা কাজ করছেন।

LENS ASIA